



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

একাদশ শ্রেণির(২০১৭-১৮ শিক্ষাবর্ষ) ছাড়পত্রের বিজ্ঞপ্তি

স্মারক নং- ছাড়পত্র/একাদশ/১৭-১৮/বিবিধ/০৯

তারিখ: ৩০/১০/২০১৭

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীরা আগামী ০১/১১/২০১৭ইং হতে ৩১/১২/২০১৭ইং তারিখের মধ্যে ঢাকা বোর্ডের আওতাধীন কলেজ পরিবর্তনের লক্ষ্যে অনলাইনে ছাড়পত্রের আবেদন করতে পারবে।


অনলাইনে টিসি আবেদনের পদ্ধতি নিম্নরূপ:-

- ১। প্রথমে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট (www.dhakaeducationboard.gov.bd) এ গিয়ে e-TC বাটনে ক্লিক করে টিসি আবেদন ফরম পূরণ করে 'Submit Your Application' বাটনে ক্লিক করতে হবে। এক্ষেত্রে অবশ্যই শিক্ষার্থীর অধ্যয়নরত এবং টিসির মাধ্যমে কাজিত উভয় কলেজে পঠিত বিষয়সমূহ একই হতে হবে। আবেদন সাবমিট হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় Security Code সহ SMS পাবে এবং এই Security Code দিয়ে শিক্ষার্থী পরবর্তীতে তার আবেদনে প্রবেশ করতে পারবে। শিক্ষার্থী Print Transfer Certificate Information বাটনে ক্লিক করে নিজ আবেদনটি ও Print Sonali Seba বাটনে ক্লিক করে সোনালী সেবা স্লিপটি প্রিন্ট করে নিজের কাছে রাখবে।
- ২। শিক্ষার্থী সঠিকভাবে আবেদন সাবমিট করলে অধ্যয়নরত কলেজ একটি SMS পাবে। তখন কলেজ বোর্ডের ওয়েব সাইটে গিয়ে OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে TC(Transfer Certificate) আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি অবশ্যই Forward করবে।
- ৩। প্রথম কলেজ আবেদনটি Forward করার পর টিসির জন্য আবেদনকৃত কলেজ একইভাবে একটি SMS পাবে এবং OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে আবেদন দেখতে পারবে। অতঃপর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি Forward অথবা Reject করবে।
- ৪। টিসির জন্য আবেদনকৃত কলেজ অর্থাৎ TC আবেদন Forward করলে শিক্ষার্থী একটি SMS পাবে। এরপর অনলাইনে আবেদন সাবমিট করার সময় প্রাপ্ত সোনালী সেবা স্লিপের মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন অনলাইন শাখার টিসি ফি -৬০০/- (ছয় শত) টাকা জমা দিবে। সোনালী সেবার স্লিপ বোর্ডে জমা দেওয়ার প্রয়োজন নাই এটি শিক্ষার্থী সংরক্ষণ করবে।
- ৫। শিক্ষার্থী তার আবেদন কোথায় কোন অবস্থায় আছে জানার জন্য ঢাকা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে e-TC বাটনে ক্লিক করে Transfer Certificate Status এ গিয়ে তার আবেদনের অবস্থা জানতে পারবে।
- ৬। TC এর জন্য আবেদনকৃত কলেজ কর্তৃক আবেদন Forward এবং শিক্ষার্থী কর্তৃক ফি জমা দেওয়ার পর বোর্ড কর্তৃক TC আবেদন অনুমোদন বিবেচনা করা হবে। TC আবেদন অনুমোদিত হলে শিক্ষার্থী একটি SMS পাবে। তখন সে বোর্ডের ওয়েবসাইট থেকে এটি প্রিন্ট নিয়ে আবেদনকৃত কলেজে ভর্তির কার্যাদি সম্পন্ন করবে।

বোর্ড পরিবর্তনের মাধ্যমে টিসি আবেদনের ক্ষেত্রে পদক্ষেপ নিম্নরূপ:-

- ১। বোর্ড পরিবর্তনের মাধ্যমে টিসি অনলাইনে সম্পন্ন করা হবে না। ম্যানুয়াল পদ্ধতিতে এটির কার্যক্রম সম্পন্ন হবে।
- ২। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে অন্য যে কোন বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানে যেতে হলে ঢাকা বোর্ডের ওয়েবসাইট থেকে টিসি ফরম ডাউনলোড করে সঠিকভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ এবং ফরমের নির্দেশনা মোতাবেক সোনালী সেবার মাধ্যমে টিসি ফি প্রদান করে ঢাকা বোর্ডে আবেদন জমা প্রদান করে একটি TN(Traking Number) নম্বর সংগ্রহ করতে হবে।
- ৩। অন্য যে কোন শিক্ষা বোর্ড থেকে আগত শিক্ষার্থীর একইভাবে ফরম পূরণ করে টিসির মাধ্যমে ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষের সুপারিশ এবং পূর্ববর্তী শিক্ষা বোর্ডের TC এর আদেশের কপিসহ ফরমের নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে একটি TN নম্বর সংগ্রহ করতে হবে।
- ৪। বোর্ড কর্তৃক টিসি আবেদন অনুমোদনের আদেশ বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) প্রকাশ করা হবে। শিক্ষার্থী বোর্ডের ওয়েবসাইটে গিয়ে College Order বাটনে ক্লিক করলে TC (Transfer Certificate) এর অফিস আদেশ দেখতে পারবে এবং TN অনুযায়ী প্রিন্ট নিয়ে কলেজে ভর্তির কার্যাদি সম্পাদন করবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


৩০/১০/২০১৭

প্রফেসর ড. মো: আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা



